



সোনালী ব্যাংক লিমিটেড

Sonali Bank Limited

প্রধান কার্যালয়, ঢাকা।

GOVT. ACCOUNTS & SERVICES  
DIVISION  
(Services Department)

HEAD OFFICE  
35-44, MOTIJHEEL COMMERCIAL AREA  
DHAKA-1000, BANGLADESH  
PHONE : (88-02) 95685605951  
FAX : (88-02) 9551309  
Web Site : www.sonalibankbd.com

সরকারী হিসাব ও সার্ভিসেস ডিভিশন  
(সার্ভিসেস ডিপার্টমেন্ট)

প্রধান কার্যালয় সার্কুলার নং : ১৫৪

সরকারী হিসাব ও সার্ভিসেস ডিভিশন পত্র নং : ২১৮৬

তারিখ : ২৫ নভেম্বর ২০১৩।

সকল জেনারেল ম্যানেজার/ ডেপুটি জেনারেল ম্যানেজার/

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ ম্যানেজার

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়ের সকল বিভাগ/ জেনারেল ম্যানেজার'স অফিস/স্থানীয় কার্যালয়/

প্রিন্সিপাল অফিস/স্টাফ কলেজ/কর্পোরেট শাখা/

আঞ্চলিক কার্যালয়/শাখা

বাংলাদেশ।

বিষয় : সামরিক পেনশন হিসাবের সঠিক তথ্য পর্যালোচনার লক্ষ্যে জেনারেল লেজারে বর্তমানের সামরিক পেনশন খাত বিভাজন পূর্বক (1) Army Pension Bill Purchased A/C (Old) এবং (2) Army Pension Bill Purchased A/C (New) নামে ২টি আলাদা খাত সৃষ্টি এবং মাসিক এফ-১২ এ রিপোর্ট করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের পেনশন বাবদ প্রদানকৃত অর্থ দীর্ঘদিন যাবৎ অনাদায়ী থাকার কারণে ব্যাংক আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় সামরিক পেনশনের পুনর্ভরণ প্রাপ্তিতে জটিলতা নিরসন এবং উক্ত খাতের সঠিক তথ্য পর্যালোচনা পূর্বক কর্মপন্থা নির্ধারণের লক্ষ্যে ALCO সর্শি- স্ট Other Assets খাতে ব্যাংকের বকেয়া পাওনা আদায় সংক্রান্ত কমিটির প্রস্তাবনার প্রেক্ষিতে বর্তমানের সামরিক পেনশন খাত বিভাজন পূর্বক (1) Army Pension Bill Purchased A/C (Old) এবং (2) Army Pension Bill Purchased A/C (New) নামে ২টি খাত সৃষ্টি এবং খাতদ্বয়ের পরিসংখ্যান মাসিক এফ-১২ এ রিপোর্ট করার প্রস্তাব কর্তৃপক্ষ অনুমোদন করেছেন।

২.০০ : এ প্রেক্ষিতে অত্র বিভাগের অনুরোধের প্রেক্ষিতে কেন্দ্রীয় হিসাব বিভাগ, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ০৭-১১-২০১৩ তারিখের সিএডি/লাফ ও ব্যনিডি/কোড নং/৪৪৬ সংখ্যক পত্রে শাখা পর্যায়ে জেনারেল লেজারে (1) Army Pension Bill Purchased A/C (Old) এবং (2) Army Pension Bill Purchased A/C (New) নামে ২টি আলাদা খাত সৃষ্টি করে মাসিক দায়-সম্পদ বিবরণী (এফ-১২) তে রিপোর্ট করার জন্য নিম্নোক্ত কোড নম্বরসমূহ বরাদ্দ করেছে :

**F-12 এর Asset Side এ Other Assets এর আওতায় :**

(1) Army Pension Bill Purchased A/C (Old) A-0927

(2) Army Pension Bill Purchased A/C (New) A-0939

৩.০০ : এমতাবস্থায়, কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ/পরিপালনের জন্য সকল শাখাকে অনুরোধ করা হলোঃ

- বর্ণিত বিভাজন কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখের ব্যালেন্সকে ভিত্তি ধরে ০১ জানুয়ারী ২০১৪ থেকে কার্যকর হবে।
- ০১ জানুয়ারী ২০১৪ থেকে সামরিক পেনশন Army Pension Bill Purchased A/C (New) বিকলন করে প্রদান করতে হবে। উক্ত সময় থেকে Army Pension Bill Purchased A/C (Old) ডেবিট করা যাবে না।
- (1) Army Pension Bill Purchased A/C (Old) এবং (2) Army Pension Bill Purchased A/C (New) এর জন্য আলাদা আলাদা রেজিস্টারে প্রয়োজনীয় তথ্যাদি লিপিবদ্ধ করে রাখতে হবে।
- ৩১ ডিসেম্বর ২০১৩ পর্যন্ত প্রাপ্ত সকল পুনর্ভরণ বিল Army Pension Bill Purchased A/C (Old) খাতে জমা হবে।
- জানুয়ারী ২০১৪ হতে পরবর্তী সময়ে প্রাপ্ত পুনর্ভরণ বিল খুব সতর্কতার সাথে বিভাজিত ২টি উপ-খাতে সঠিকভাবে সনাক্ত করতঃ সর্শিগুণ্ট রেজিস্টারে এন্ট্রি দিয়ে সঠিক হিসাবে জমা/সমন্বয় করতে হবে। বর্ণিত ২টি হিসাবের এক হিসাবের অর্থ অন্য হিসাবে জমা করা যাবে না।
- ০১ জানুয়ারী ২০১৪ তারিখ থেকে সামরিক পেনশন Army Pension Bill Purchased A/C (New) এ রিপোর্ট করার পূর্বপদক্ষেপ হিসেবে অবশ্যই Army Pension Bill Purchased A/C (Old) এর তথ্য একটি রেজিস্টারে লিপিবদ্ধ করে ৩১-১২-২০১৩ পর্যন্ত রেজিস্টার ব্যালেন্সের সাথে জেনারেল লেজারের ব্যালেন্স মিলাতে হবে। পরবর্তীতে মাসিক ভিত্তিতে এ হিসাবের ব্যালেন্সিং করতে হবে। অনুরূপভাবে Army Pension Bill Purchased A/C (New) হিসাবের ব্যালেন্স জানুয়ারী ২০১৪ থেকে সর্শিগুণ্ট রেজিস্টারের সাথেও মাসিক ভিত্তিতে করতে হবে অর্থাৎ জানুয়ারী ২০১৪ থেকে ২টি হিসাবের সর্শিগুণ্ট রেজিস্টারের স্থিতি জেনারেল লেজারের স্থিতির সাথে মাসিক ভিত্তিতে ব্যালেন্সিং করে মিলাতে হবে।
- নবসৃষ্ট খাতদ্বয়ে সামরিক পেনশনের অর্থ হিসাবায়ন পূর্বক মাসিক দায়-সম্পদ বিবরণী (F-12)-এর নির্ধারিত কোড/কলামে রিপোর্ট করতঃ যথারীতি কেন্দ্রীয় হিসাব বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করতে হবে।

আপনাদের বিশ্বাস্‌ড,

(কাজী তসলিমা বানু)  
জেনারেল ম্যানেজার

(মোঃ জিলশুর রহমান সিদ্দিকী)  
ডেপুটি জেনারেল ম্যানেজার